



# পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন

প্রধান কার্যালয়

বাড়ী নং-০৫, এভিনিউ-৩, হাজী রোড, মিরপুর-২, ঢাকা-১২১৬



## নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মদন মোহন সাহা  
ব্যবস্থাপনা পরিচালক, পিডিবিএফ

সভার তারিখ ও সময় : ২৫ জুন, ২০১৯, বেলা-২:৩০ ঘটিকা

স্থান : বোর্ড রুম

উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট-ক দ্রষ্টব্য।

নৈতিকতা কমিটি সদস্যগণের উপস্থিতিতে সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে কমিটির সচিব জনাব মুহিউদ্দিন আহমদ পান্নু সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন।

আলোচ্য সূচিঃ

- ০১। বিগত সভার কার্যবিবরণী অনুমোদন
- ০২। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও ৪র্থ কোয়ার্টারের অগ্রগতি পর্যালোচনা
- ০৩। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন ৪র্থ কোয়ার্টারের অগ্রগতি পর্যালোচনা
- ০৪। ২০১৯-২০ অর্থ বছরের এপিএ এবং এনআইএস কর্ম পরিকল্পনা প্রণয়ন ও অনুমোদন।
- ০৫। জাতীয় শুদ্ধাচার কৌশল পুরস্কার প্রদান সংক্রান্ত আলোচনা
- ০৬। বিবিধ

ক্রঃ নং	আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত
০১	বিগত সভার কার্যবিবরণী অনুমোদন	নৈতিকতা কমিটির সম্মানিত সদস্য জনাব শফিকুল ইসলাম গত সভার কার্যবিবরণী পাঠ করেন।	কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় গত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।
০২	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও ৪র্থ কোয়ার্টারের অগ্রগতি পর্যালোচনা	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ৪র্থ কোয়ার্টারের অগ্রগতি পর্যালোচনা করা হয় এবং যথাযথভাবে এপিএ চুক্তি বাস্তবায়নের জন্য সভায় সকলে সহমত পোষণ করেন।	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ৪র্থ কোয়ার্টারের অগ্রগতির প্রতিবেদন অনুমোদিত হয় এবং যথা সময়ে সম্মতভাবে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।
০৩	জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন ৪র্থ কোয়ার্টারের অগ্রগতি পর্যালোচনা	জাতীয় শুদ্ধাচার কৌশল ৪র্থ কোয়ার্টারের অগ্রগতি পর্যালোচনা করা হয় এবং যথাযথভাবে এনআইএস চুক্তি বাস্তবায়নের জন্য সভায় সকলে সহমত পোষণ করেন।	জাতীয় শুদ্ধাচার কৌশল ৪র্থ কোয়ার্টারের অগ্রগতির প্রতিবেদন অনুমোদিত হয় এবং যথা সময়ে সম্মতভাবে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।
০৪	২০১৯-২০ অর্থ বছরের এপিএ এবং এনআইএস কর্ম পরিকল্পনা প্রণয়ন ও অনুমোদন।	সভায় এপিএ ফোকাল পয়েন্ট জনাব মোঃ শরিফুজ্জামান ও এনআইএস ফোকাল পয়েন্ট জনাব মোঃ শফিকুল ইসলাম ২০১৯-২০ অর্থ বছরের এপিএ এবং এনআইএস কর্ম পরিকল্পনার খসড়া উপস্থাপন করেন। প্রস্তাবিত খসড়ার আলোকে এপিএ ও এনআইএস কর্ম পরিকল্পনা পর্যালোচনা করা হয়।	সভায় ২০১৯-২০ অর্থ বছরের এপিএ এবং এনআইএস কর্ম পরিকল্পনার খসড়া উপস্থাপন করেন। প্রস্তাবিত খসড়া এপিএ ও এনআইএস কর্ম পরিকল্পনা অনুমোদন করা হয়। সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে এপিএ ও এনআইএস কর্ম পরিকল্পনা মোতাবেক কার্যক্রম বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করা হয়।
০৫	জাতীয় শুদ্ধাচার কৌশল পুরস্কার প্রদান সংক্রান্ত আলোচনা	মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক ২০১৮-১৯ অর্থ বছরের জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল পুরস্কার প্রদান সংক্রান্ত বিষয়ে আলোচনা করা হয়।	সভাপতি মহোদয় জাতীয় শুদ্ধাচার কৌশল পুরস্কার প্রদান নীতিমালার আলোকে মাঠ পর্যায় থেকে প্রতি ক্যাটাগরিতে ৫ জনের নামের তালিকা প্রস্তুত করে যোগ্য কর্মীকে পুরস্কার প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদান করেন।
০৬	বিবিধ	(ক) নৈতিকতা কমিটির শূন্য পদ পূরণ এবং কমিটি পদের ভিত্তিতে গঠনের ব্যাপারে আলোচনা হয়। (খ) ২০১৯-২০ অর্থ বছরে পিডিবিএফ এর সকল স্তরে শুদ্ধাচার প্রতিষ্ঠার ব্যাপারে সভাপতি মহোদয় আহবান জানান এবং যথাযথভাবে এপিএ ও এনআইএস মাঠ পর্যায়ে বাস্তবায়নের জন্য অনুরোধ করেন।	(ক) নৈতিকতা কমিটি বর্তমান সদস্যগণের পদের ভিত্তিতে নির্ধারণের ব্যাপারে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। সে আলোকে নৈতিকতা কমিটির শূন্য পদ পূরণের ক্ষেত্রে জনাব মোঃ আমিনুল হক, পরিচালক মাঠ পরিচালন এর অবসর জনিত কারণে তার পরিবর্তে বর্তমানে পরিচালক, মাঠ পরিচালনকে কমিটি সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করা হয়। (খ) এতদ্ব্যসংক্রান্ত বিষয়ে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাগণকে নির্দেশনা মোতাবেক বাস্তবায়ন অগ্রগতি নিশ্চিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মদন মোহন সাহা)

ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক

ও

সভাপতি

নৈতিকতা কমিটি, পিডিবিএফ।